

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৩২

আগরতলা, ২৪ এপ্রিল, ২০২৫

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

গত ১৯ এপ্রিল, ২০২৫ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় ‘উত্তরে গরু পাচার ও ড্রাগ রমরমা তাবড় আইপিএস কর্তারা নির্বাক’ শিরোনামে প্রকাশিত সংবাদটি আরক্ষা দপ্তরের নজরে এসেছে। এ বিষয়ে উত্তর ত্রিপুরা জেলার পুলিশ সুপার স্পষ্টিকরণে জানিয়েছেন, জেলা নাকাপয়েন্ট গুলিতে কোন তল্লাশী হয়না বলে সংবাদে যা প্রকাশিত হয়েছে তা সত্য নয়। উত্তর ত্রিপুরা জেলার বিভিন্ন থানার অধীনে সমস্ত নাকাপয়েন্টে ত্রিপুরা পুলিশ এবং টিএসআর জওয়ানরা সর্বক্ষণ তল্লাশীর কাজ করে যাচ্ছেন। এই নাকাপয়েন্টগুলিতে চোরাচালান রোধ করার জন্য প্রতিনিয়ত যানবাহন এবং পথচারীদের কঠোর তল্লাশী করা হচ্ছে। সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাদের সাথে এসডিপিওরা নিয়মিত টহল দিচ্ছেন এবং রাতের বেলায় গরু ও মাদক পাচার রোধে কঠোর নজরদারি চালাচ্ছেন। এছাড়াও বার্মিজ গরু পরিবহনকারী গাড়ীর কোন ঘটনা ঘটেনি। আস্তরাজ্য সীমান্তবর্তী সড়কে বার্মিজ গরু বা মাদক পাচার রোধে উত্তর জেলার অন্তর্গত নাকাপয়েন্টগুলি বিশেষ করে পানিসাগর এবং কাঞ্চনপুর মহকুমাতে টহল আরও জোরদার করা হয়েছে।

উত্তর জেলার অন্তর্গত সমস্ত থানা চোরাচালান এবং মাদকদ্রব্যের অপব্যবহারের বিরুদ্ধে বিশেষ অভিযান চালাচ্ছে। ড্রাগ সংক্রান্ত অপরাধী এবং পাচারকারীদের উপর নিয়মিত নজরদারি চলছে, তাদের বিরুদ্ধে মামলা এবং প্রতিরোধমূলক ব্যবস্থাও নেওয়া হচ্ছে। প্রয়াসের মাধ্যমে জেলার সমস্ত পুলিশ বিটগুলি মাদকের অপব্যবহারের ক্ষতিকারক প্রভাব সম্পর্কে জনসাধারণকে সচেতন করার লক্ষ্যে সচেতনতামূলক প্রচার অভিযানও চালাচ্ছে। পাশাপাশি নাগরিকদের স্বাস্থ্য ও পুনর্বাসন কেন্দ্রগুলির সাহায্য নেওয়ার জন্য উৎসাহিত করা হচ্ছে। পুলিশ এই প্রতিষ্ঠানগুলিকে প্রয়োজনীয় সহায়তাও প্রদান করছে। অতএব প্রকাশিত সংবাদটি বাস্তবের সাথে সম্পর্কিত নয় এবং পুলিশের ভাবমূর্তি ক্ষুণ্ণ করার উদ্দেশ্যে পরিবেশন করা হয়েছে।
